




চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা, ফোন: ০৭৬১ ৬২২৮১।

Web: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com



স্মারক নং- চুয়া : পৌ : প্রশাসনঃ ৩/৭-২০১৮/২০২১/৫২৩(২১)

তারিখ-১৩-০৪-২০২০ খ্রি :।

বিষয় : করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ কল্পে আগামী ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত ০১ সপ্তাহের জন্য অফিস লক ডাউন প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার দেশে করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর রোধ কল্পে আগামী ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত ০১ সপ্তাহের জন্য অফিস লক ডাউনসহ বন্ধ ঘোষণা করেছেন। এর প্রেক্ষিতে অত্র পৌরসভার সকল সাধারণ সেবা কার্যক্রম বন্ধ থাকবে। তবে জরুরী সেবা যথা- ময়লা-আবর্জনা অপসারণ, পানি সরবরাহ, সড়ক বাতি, মশক নিধন, জীবানু নাশক স্প্রে, ইপিআই কার্যক্রমসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন ও নাগরিক সনদ প্রদান ইত্যাদি জরুরী সেবা কার্যক্রম সীমিত আকারে চলমান থাকবে। উক্ত জরুরী সেবা প্রদানে বিভাগীয় ও শাখা প্রধানগণ যথাযথ ব্যবস্থা গ্রহন করবেন। পরবর্তি আদেশ না দেওয়া পর্যন্ত এ আদেশ অব্যাহত থাকবে।

প্রকৌশল বিভাগ :

- ক) পানিসরবরাহ ব্যবস্থা যথারীতি চালু থাকবে। পাম্প চালকগণ যথারীতি পাম্প চালনা করবেন। তবে অফিসে আসতে হবে না। পাম্পে অবস্থান করবেন।
- খ) পানি সরবরাহ শাখার পাইপ লাইনে লিক বা সমস্যা হলে এবং পাম্প চালনা কাজে সহকারী প্রকৌশলী (পানি সরবরাহ) তদারকির ব্যবস্থা নিবেন।
- গ) সড়কবাতি কার্যক্রম যথারীতি চালু থাকবে। সড়কবাতি লাইনের সমস্যা বা বাধ কেটে গেলে যথারীতি মেরামত করতে হবে। এ বিষয়ে সড়কবাতি পরিদর্শক ব্যবস্থা নিবেন।

স্বাস্থ্য বিভাগ :

- ক) সেনেটারী ইন্সপেক্টর স্বাস্থ্য বিধি মেনে যথাযথভাবে প্রয়োজন মাফিক বাজার ও অন্যান্য কার্যক্রম মনিটরিং করবেন।
- খ) কঞ্জারভেন্সী সেবা যথাযথভাবে চালু থাকবে।
- গ) সীমিত আকারে জন্ম ও মৃত্যু নিবন্ধন চালু থাকবে।
- ঘ) ইপিআই কার্যক্রম স্বাস্থ্য ও সেবা বিভাগের সাথে সমন্বয় পূর্বক চালু থাকবে।

প্রশাসন বিভাগ :

- ক) সীমিত আকারে নাগরিক সনদ প্রদান চালু থাকবে।

২। উক্ত জরুরী সেবাসহ উদ্ভূত পরিস্থিতিতে সংশ্লিষ্ট সকলকে নিয়োক্ত কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয় ও যোগাযোগ করার মাধ্যমে কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ দেওয়া হলো।

ক্রমিক নং	নাম	পদবী	ফোন নম্বর
০১	মো : হাফিজুর রহমান কাওছার	সহকারী প্রকৌশলী(পূর্ত)	০১৭১২-৫০১০১৩
০২	এএইচএম সাহীদুর রশীদ	সহকারী প্রকৌশলী(পানি সরবরাহ)	০১৯১২-৫০৫০২৯
০৩	মো : জুবায়ের রহমান	কন্জারভেন্সী ইন্সপেক্টর	০১৭৪৪-৯৪৫৯৪৩
০৪	মো : আনিছুর রহমান	সড়ক বাতি পরিদর্শক	০১৯১২-৬৪৩৩৭৭
০৫	মো : আলী হোসেন	টিকাদান সুপাভাইজার	০১৭১৭-৪০৫২৬৪

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

অনুলিপি-কার্যার্থে :

- ০১-১২. জনাব.....কান্টনিলর, চুয়াডাঙ্গা পৌরসভা।
- ১৩. নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পৌরসভা।
- ১৪. সহকারী প্রকৌশলী (পূর্ত), চুয়াডাঙ্গা পৌরসভা।
- ১৫. সহকারী প্রকৌশলী (পানি সরবরাহ), চুয়াডাঙ্গা পৌরসভা।
- ১৬. স্টোর কীপার, চুয়াডাঙ্গা পৌরসভা।
- ১৭. কন্জারভেন্সী ইন্সপেক্টর, চুয়াডাঙ্গা পৌরসভা।
- ১৮. সড়ক বাতি পরিদর্শক, চুয়াডাঙ্গা পৌরসভা।
- ১৯. জনাব----- চুয়াডাঙ্গা পৌরসভা।
- ২০. নোটিশ বোর্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।
- ২১. অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা।